



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/৮৪৬৪

তারিখ : ১৬/১১/২০১৪খ্রি.

বিষয় : স্বীকৃতি মেয়াদ বৃদ্ধি (সংশোধিত পত্র)

সূত্র : কলেজের স্মারক নং- বি.ইউ.ডি.সি/৬০৪/০৭/১৪, তারিখ : ০৬/০৭/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০২/১১/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, বড়াকোঠা ইউনিয়ন কলেজ, ডাক : চৌধুরীরহাট, উপজেলা : উজিরপুর, জেলা : বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহ নিয়ে ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৬খ্রি. তারিখ পর্যন্ত মোট ০২(দুই) শিক্ষা বছরের জন্য স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)
২। নৈর্ব্যচনিক বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলাম শিক্ষা, সমাজকর্ম, সমাজ বিজ্ঞান এবং ভূগোল
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা
গ) বিজ্ঞান শাখা	: পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, পরিসংখ্যান

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭৪.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩ জুন ২০১৩ এর বর্ণনা অনুযায়ী পাঠ্যক্রম থেকে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টি বাদ দেয়ায় উক্ত বিষয়ের স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হলো না।

বিঃদ্র: সমাজ বিজ্ঞান বিষয়ের স্বীকৃতির স্মারক নং- ৪০১৬, তারিখ: ১৫/৫/২০১৪ এবং নথির ৬নং পৃষ্ঠায় স্বীকৃতি নবায়নের সাথে পৃথকভাবে ভূগোল বিষয়ের স্বীকৃতি প্রদানের জন্য চেয়ারম্যান মহোদয়ের ০৮/০৮/২০০১ তারিখের অনুমোদন আছে।

শর্তাবলী

- প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে
- কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

অধ্যক্ষ

বড়াকোঠা ইউনিয়ন কলেজ

ডাক : চৌধুরীরহাট, উপজেলা: উজিরপুর

জেলা : বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো

৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো

৫। সংরক্ষণ নথি

ড. মো: লিয়াকত হোসেন ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

১৬/১১/২০১৪